অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/10/2021 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক সিটিতে গৃহহীনতা মোকাবেলা এবং আবাসনের সুলভতা সম্প্রসারণের উদ্দেশ্যে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

S.6573/A.8009 আইনটি FHEPS আবাসন ভাউচারগুলোর মূল্য বৃদ্ধি করে বাড়ি থেকে বহিষ্কার হওয়া প্রতিরোধ করে এবং নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য সামর্থ্যের মধ্যে স্থিতিশীল আবাসনের ব্যবস্থা করে

গভর্নর ক্যাথি হোকল আজ ম্যানহাটনে S.6573/A.8009 আইনে স্বাক্ষর করেছেন যা পারিবারিক গৃহহীনতা ও বাড়ি থেকে বহিষ্কারের বিরুদ্ধে সুরক্ষার সম্পূরক (Family Homelessness and Eviction Protection Supplement, FHEPS) কর্মসূচির অধীনে উপযুক্ত পরিবারগুলোর জন্য হাউজিং ভাউচারের ব্যবস্থা করবে। এই আইন দেশের অন্যতম সর্বাধিক ব্যয়বহুল আবাসন বাজার, নিউ ইয়র্ক সিটিতে ভাড়ার প্রকৃত খরচ কভার করতে FHEPS কর্মসূচির অধীনে পরিশোধযোগ্য সর্বোচ্চ ভাড়ার পরিমাণ বৃদ্ধি করে।

"গৃহহীনতার সংকট, কোভিড-19 মহামারীর মতোই আমাদের স্টেটের উপর ক্ষতিকর প্রভাব ফেলেছে, যা কৃষ্ণাঙ্গ ও ল্যাটিনো কমিউনিটির ভোগান্তির কারণ হয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্ক স্টেট নজিরবিহীন কষ্টের সম্মুখীন হওয়া পরিবারগুলোকে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক সিটির সাথে কাজ করবে। আমি নির্বাচিত মেয়র অ্যাডামসকে এই সমস্যা মোকাবেলায় একসঙ্গে কাজ করার ক্ষেত্রে তার অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই। প্রত্যেক ব্যক্তিরই মাথার উপরে একটি ছাদ পাওয়ার অধিকার রয়েছে, এবং অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য সেটিকে বাস্তবে পরিণত করবে এমন আইনে স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত।"

এই বিল আরো বেশি সংখ্যক অভাবী পরিবারকে সেবা দেয়ার জন্য FHEPS-এর অ্যাক্সেস সম্প্রসারণ করবে, যা আরো বেশি সংখ্যক পরিবারের বাড়ি থেকে বহিষ্কার হওয়া এড়িয়ে নিজেদের বাড়িতে অবস্থান করতে পারা এবং স্থিতিশীল আবাসন পাওয়া নিশ্চিত করবে। এই বিল আবাসন ও নগর উন্নয়ন বিভাগের (Department of Housing and Urban Development) বাজারের ন্যায্য ভাড়ার (Fair Market Rent) উর্ধ্বসীমা 85 শতাংশ থেকে 100 শতাংশে উন্নীত করবে। এছাড়াও, FHEPS হলো ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের এবং তাদের পরিবারের মধ্যে যারা সরকারি সহায়তা পেয়ে থাকেন তাদের জন্য লভ্য একমাত্র প্রতিরোধমূলক কর্মসূচি। FHEPS এর মাত্রা বৃদ্ধি করা ও বাড়ি থেকে বহিষ্কার আরো বেশি করে প্রতিরোধ করা স্টেট ও সিটিকে নিউ ইয়র্কবাসীদের স্থায়ী আবাসনে, আশ্রয়কেন্দ্রগুলোর বাইরে, এবং সামাজিক

পরিষেবাগুলোর সাথে সংযুক্ত রাখার মাধ্যমে চূড়ান্ত পর্যায়ে গিয়ে গৃহহীনতার অবস্থা থেকে দূরে সরে যাওয়ার জন্য তাদের সক্ষমতা বৃদ্ধি করার পারস্পরিক লক্ষ্য অর্জনের জন্য FHEPS-কে ব্যবহারের সুযোগ করে দিবে।

এই আইনে স্বাক্ষর করাটা নিউ ইয়র্কের আবাসন সংকটের বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর হোকলের গৃহীত সর্বসাম্প্রতিক পদক্ষেপ। এর আগে এই সপ্তাহে, গভর্নর হোকল লফট লভ্য (Loft Law) স্বাক্ষর করেছেন, যে আইনটি একাধিক ব্যক্তির বসবাসের জন্য নির্ধারিত অন্তর্বর্তীকালীন ইউনিটগুলোতে অপরিহার্য পরিষেবাগুলো বিঘ্নিত করা অথবা সরবরাহ করতে ব্যর্থ হওয়াকে বেআইনি করেছে এবং ভাড়াটিয়াদেরকে নিউ ইয়র্ক সিটির আবাসন সংক্রান্ত আদালতে দাবি পেশ করার অনুমতি প্রদান করেছে। গত মাসে গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট চাহিদা পূরণে সংগ্রাম করে যাওয়া ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের পূরণ না হওয়া চাহিদা মেটাতে সাহায্য করার উদ্দেশ্যে জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির (Emergency Rental Assistance Program, ERAP) জন্য যুক্তরাষ্ট্রের কোষাগার বিভাগের (Department of Treasury) কাছ থেকে 996 মিলিয়ন ডলারের তহবিলের জন্য অনুরোধ জানিয়েছে। অক্টোবর মাসে, ভাড়াটিয়াদের অধিকারগুলোর দৃঢ় অবস্থান তৈরি করার লক্ষ্যে গভর্নর হোকল একটি আইনি প্যাকেজে স্বাক্ষর করেছেন।

সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance)-এর এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন , "গভর্নর হোকলের আজকের এই পদক্ষেপ নিউ ইয়র্ক সিটির নিম্ন-আয়ের পরিবারগুলোকে মানসম্মত আবাসন পাওয়ার সম্প্রসারিত সুযোগ প্রদান করে যাতে তারা গৃহহীনতা এড়াতে পারেন এবং তাদের শিশুদের জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত বাড়ির ব্যবস্থা করতে পারেন। আজ একটি পরিবারের জন্য স্থিতিশীল আবাসনের ব্যবস্থা করাটা এসব পরিবার ও আমাদের কমিউনিটিগুলোর জন্য দীর্ঘমেয়াদী ইতিবাচক অর্থনৈতিক ও সামাজিক ফলাফল অর্জনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

সিনেটর ব্রায়ান কাভানাঘ বলেন, "এই আইন স্বাক্ষরের জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই, যে আইনটি গৃহহীনতার সম্মুখীন হওয়া আরো বেশি সংখ্যক পরিবারের স্থিতিশীল আবাসন পাওয়া নিশ্চিত করবে, এবং আগের প্রশাসনের দীর্ঘ সময় ধরে স্থবির হয়ে থাকা অবস্থার মোড় ঘুরিয়ে দিবে। নিশ্চিতভাবেই, গৃহহীনতা দূর করতে এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, টেকসই, ও সাশ্রয়ী, স্থায়ী আবাসনের স্থিতিশীল অ্যাক্সেস নিশ্চিত করতে আমাদের আরো অনেক কিছু করার আছে, কিন্তু আজ আমরা সে লক্ষ্য পূরণের জন্য এগিয়ে যেতে একটি অর্থপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছি। আমরা জানি এই পদ্ধতি লোকজনকে আশ্রয়কেন্দ্রগুলোতে রাখার তুলনায় অপেক্ষাকৃত সস্তা, নিরাপদ, ও স্বাস্থ্যকর হবে। এছাড়াও আমি অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোজেন্থালকে অ্যাসেম্বলিতে এই বিলটি সমর্থন করায়, আমার সহকর্মী সিনেট সোশ্যাল সার্ভিসের সভাপতি রোক্সেন পারসুয়েডকে সিনেটে তার সক্রিয় সমর্থনের জন্য, এবং স্পিকার কার্ল হিস্টি ও সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্সকে তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই। এই গুরুত্বপূর্ণ পুনর্গঠনের জন্য প্রচেষ্টা চালিয়ে যাওয়া 100টিরও বেশি সংস্থাকেও ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোজেন্থাল বলেন, "ভাড়ার প্রকৃত খরচ কভার করার জন্য FHEPS ভাউচারের পরিমাণ বৃদ্ধির জন্য আমার প্রস্তাবিত বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে, নিরাপদ, স্থিতিশীল ও স্থায়ী সাশ্রয়ী আবাসন এখন নিউ ইয়র্কের হাজার হাজার ঝুঁকিপূর্ণ পরিবারের সামর্থ্যের মধ্যে চলে আসবে। আবাসন স্বাস্থ্যসেবার অংশ এবং এটি একটি মানবাধিকার। এই বিল স্বাক্ষর করে আইনে পরিণত করাটা গৃহহীনতা প্রতিরোধের জন্য নিউ ইয়র্ক স্টেটের গৃহীত পদক্ষেপের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পরিবর্তন এনে দিয়েছে। আজ স্টেট অভাবী লোকজনকে আশ্রয় প্রদানের জন্য আইনি দায়িত্বের পাশাপাশি এটির নৈতিক দায়বদ্ধতাও স্বীকার করে নিচ্ছে। আমি গভর্নর হোকলকে তার সহায়তার জন্য ধন্যবাদ জানাই, এবং তার সাথে, আমার সহকর্মীদের সাথে ও অ্যাডভোকেটদের সাথে গৃহহীনতা দূরীকরণে কাজ করে যাওয়ার জন্য সমাধানগুলো প্রণয়ন, অর্থায়ন ও বাস্তবায়ন করার প্রত্যাশা রাখি।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট গেল এ. ব্রুয়ার বলেন, "গৃহহীনতা মোকাবেলার জন্য আমাদেরকে অবশ্যই সাহসী পদক্ষেপ গ্রহণ করতে হবে যাতে নিউ ইয়র্ক ব্যাপী অরক্ষিত পরিবারগুলো বাড়ি থেকে বহিষ্কার হওয়া এড়াতে পারে এবং আজ এখানে গভর্নর হোকল ঠিক সেটাই করছেন। নিউ ইয়র্কের পরিবারগুলোর পক্ষ থেকে, আমি সিনেটর কাভানাঘ, অ্যাসেম্বলি সদস্য রোজেন্থাল, স্টেটব্যাপী সকল সমর্থনকারী, এবং গভর্নর হোকলকে ভাড়ার প্রকৃত খরচ কভার করতে স্টেটের পারিবারিক গৃহহীনতা ও বাড়ি থেকে বহিষ্কারের বিরুদ্ধে সুরক্ষার সম্পূরক কর্মসূচির আওতা বৃদ্ধি করার জন্য ধন্যবাদ জানাচ্ছি, যা গৃহহীন হওয়ার ঝুঁকিতে থাকা পরিবারগুলোকে দীর্ঘমেয়াদী আবাসনের স্থিতিশীলতা অর্জনের জন্য একটি গুরুত্বপূর্ণ লাইফলাইন প্রদান করবে। আজকের এই পদক্ষেপ হাজার হাজার লোককে পথে নেমে যাওয়া থেকে রক্ষা করতে সাহায্য করবে এবং এটি একটি সঠিক কাজ।"

কাউন্সিল সদস্য স্টিভ লেভিন বলেন, "এই গুরুত্বপূর্ণ আইনটি প্রণয়নের জন্য আমি গভর্নর হোকল, অ্যাসেম্বলি সদস্য রোজেন্থাল, ও সিনেটর কাভানাঘের প্রশংসা করি। আমরা জানি যে যখন ব্যক্তি ও পরিবারগুলোর স্থিতিশীল আবাসন থাকে, তারা সমৃদ্ধি লাভ করতে পারে। FHEPS পেমেন্টকে বাজারের ন্যায্য ভাড়ার পরিমাণে নিয়ে আসার মাধ্যমে, আমরা আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর নিজেদের বাড়িতে বাস করতে পারা নিশ্চিত করতে পারি।"

NYC কাউন্সিল আবাসন ও ভবন কমিটির সভাপতি, কাউন্সিল সদস্য রবার্ট ই. কর্নেগি জুনিয়র বলেন, "FHEPS-এর মাত্রা অনেক কম নির্ধারণ করা হয়েছিল বলে এই আইনে শনাক্ত করার অর্থ হলো আবাসন খোঁজা অত্যন্ত চ্যালেঞ্জিং হয়ে যাওয়ার বিষয়টি স্বীকার করে নেয়া, এবং এই আইন অরক্ষিত পরিবারগুলোর জন্য আমাদের সহায়তা উন্নত করে। আজকের এই পদক্ষেপ গ্রহণের অর্থ হলো নিউ ইয়র্কের পরিবারগুলো স্থিতিশীল আবাসনের ক্ষেত্রে আরো বেশি অ্যাক্সেস লাভ করবে। এই আইন আমাদের শেয়ারকৃত কমিউনিটিগুলোতে অরক্ষিত পরিবারগুলোর জন্য অধিকতর সহায়তা প্রদান করে; তারা এখন একটি কম প্রতিবন্ধকতার সম্মুখীন হবেন। নিউ ইয়র্কের পরিবারগুলোর মানসিক প্রশান্তির ব্যবস্থা করাটা যেকোনো সরকারি নীতিমালার ভিত্তি হিসেবে কাজ করে, এবং ছুটির মৌসুমে যখন আমরা একে অপরকে উচ্ছসিত করার চেষ্টা করছি সে সময়ে এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। গভর্নর হোকল, সিনেটর কাভানাঘ, অ্যাসেম্বলি সদস্য রোজেন্থাল, এবং এই সমস্যাটির গুরুত্ব বুঝতে পারা সকল আইন প্রণেতাকে ধন্যবাদ। এবং অরক্ষিত পরিবারগুলোকে সাহায্য করার জন্য আজকের এই

পদক্ষেপকে সম্ভব করে তোলার ক্ষেত্রে যারা একসঙ্গে যোগ দিয়েছেন সেসব আবাসন সংক্রান্ত সমর্থক ও নিউ ইয়র্কবাসীদের সবাইকে ধন্যবাদ।"

গোডার্ড রিভারসাইড (Goddard Riverside)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ড. রডেরিক এল. জোনস বলেন, "আমরা যেসব অরক্ষিত কমিউনিটিতে সেবা প্রদান করে থাকি তাদের অনেকের জন্য এই আইন একটি অতি গুরুত্বপূর্ণ সুরক্ষা প্রদান করে, এবং মহামারীর ব্যাপক প্রভাব থেকে সেরে উঠার ক্ষেত্রে এগিয়ে যাওয়ার ধাপ হিসেবে কাজ করবে। এই বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায়, এবং গোডার্ড রিভারসাইডকে সেটি করার জায়গা হিসেবে বেছে নেয়ায় আমরা গভর্নর হোকল এবং অ্যাসেম্বলি সদস্য রোজেন্থালের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। সামনের দিনের গুরুত্বপূর্ণ কাজগুলো সম্পন্ন করতে এবং পুনরুদ্ধারের এই নজিরবিহীন সময়ে আমাদের কমিউনিটিগুলোর সমৃদ্ধির জন্য তাদের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ সংস্থান ও পরিষেবাগুলো পাওয়া নিশ্চিত করতে আমাদের সরকারি অংশীদারদের সাথে আমাদের সম্পর্ক জোরদার করতে আমরা অঙ্গীকারাবদ্ধ।"

সাপোর্টিভ হাউজিং নেটওয়ার্ক অব নিউ ইয়র্ক (Supportive Housing Network of New York)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর লরা মাসকুচ বলেন, "ভাড়ার প্রকৃত খরচ কভার করার উদ্দেশ্যে স্টেট FHEPS ভাউচারের মূল্য বৃদ্ধি করছে জেনে সাপোর্টিভ হাউজিং নেটওয়ার্ক অব নিউ ইয়র্ক উচ্ছসিত। এটি ঘরোয়া সহিংসতা থেকে পালিয়ে আসা ব্যক্তিদের সহ, হাজারো গৃহহীন পরিবারকে স্থিতিশীল আবাসন খুঁজে নিতে ও গ্রহণ করতে সাহায্য করবে। আমরা গভর্নর হোকল, সিনেটর কাভানাঘ ও অ্যাসেম্বলি সদস্য রোজেন্থালকে এই বিষয়ে তাদের অসাধারণ নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

হাউজিং ওয়ার্কস (Housing Works)-এর CEO ও সহ-প্রতিষ্ঠাতা চার্লস কিং বলেন, "S6573/A8009 বিলটি স্বাক্ষর করায় আমরা গভর্নর হোকলের প্রশংসা করি, যা স্টেটের FHEPS পেমেন্টের মানদণ্ডকে একটি উচ্চতর ও অধিক অর্থপূর্ণ ভাড়ার স্তরে নিয়ে আসবে, যা নিম্ন-আয়ের ব্যক্তিদের অন্যান্য সহায়তার সাথে সঙ্গতিপূর্ণ হবে। স্টেটের FHEPS কর্মসূচি থেকে সেবা পাওয়া নিম্ন-আয়ের পরিবারগুলো যাতে একেবারে আবাসন বাজারের বাইরে চলে না যায়, অথবা নিম্নমানের, অনিরাপদ অ্যাপার্টমেন্টগুলোতে থাকতে বাধ্য না হয় সেটা নিশ্চিত করতে এই আইনটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গৃহহীনতার সম্মুখীন হওয়া পরিবারগুলো, বিশেষ করে চলমান কোভিড-19 সংকটের কারণে যারা কষ্টকর পরিস্থিতি অথবা বাড়ি থেকে বহিষ্কার হওয়ার সম্মুখীন হয়েছেন, এখন অতি প্রয়োজনীয় আবাসন সুবিধার অধিকতর অ্যাক্সেস পাবে। আদর্শ ক্ষেত্রে, নিম্ন-আয়ের ভাড়া সহায়তা প্রদানের সব কর্মসূচি অর্থ প্রদানের ক্ষেত্রে একই মানদণ্ড অনুসরণ করবে, যা হাউজিং চয়েস ভাউচারের সেকশন 8-এর সাথে সঙ্গতিপূর্ণ হবে, যাতে টানটান আবাসন বাজারে জনগোষ্ঠীর কোনো অংশ পিছিয়ে না পড়ে।"

হোমলেস সার্ভিসেস ইউনাইটেড (Homeless Services United)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ক্যাথেরিন ট্রাপানি বলেন, "স্টেটের FHEPS ভাড়া সহায়তা কর্মসূচির জন্য ভাড়ার স্তর বৃদ্ধি করতে S.6573/A.8009 বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় হোমলেস সার্ভিসেস ইউনাইটেড গভর্নর হোকলের প্রতি ভীষণভাবে কৃতজ্ঞ। এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ অন্যথায় গৃহহীন হয়ে যেতো এমন পরিবারগুলোর জন্য বহিষ্কার স্থগিতকরণের সীমা শেষ হয়ে

যাওয়ার পরে তাদের বাড়িতে অবস্থান করার জন্য প্রয়োজনীয় সহায়তা পাওয়া নিশ্চিত করবে এবং নিপীড়কদের কাছ থেকে পালিয়ে আসা ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের আশ্রয়কেন্দ্রে প্রবেশ না করেই নতুন বাজার দরের সহায়তা ব্যবহার করে নিরাপদ আবাসনের ব্যবস্থা করার সুযোগ করে দিবে। নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ ও স্থিতিশীল আবাসন বহাল রাখতে গৃহহীনতা প্রতিরোধে বিনিয়োগ করার জন্য গভর্নর হোকল, অ্যাসেম্বলি সদস্য রোজেন্থাল ও সিনেটর কাভানাঘকে ধন্যবাদ।"

কোয়ালিশন ফর দ্যা হোমলেস (Coalition for the Homeless)-এর নীতিমালা বিষয়ক ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর শেলি নর্টজ বলেন, "কোয়ালিশন ফর দ্যা হোমলেস এই আইনের ব্যাপক গুরুত্ব অনুধাবন করায় গভর্নর হোকল এবং পৃষ্ঠপোষক কাভানাঘ ও রোজেন্থালের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। আমাদেরকে অবশ্যই গৃহহীনতা প্রতিরোধ ও মোকাবেলায় সরকারের প্রতিটি স্তরে সম্ভাব্য সবকিছু করতে হবে এবং ভাড়া সংক্রান্ত এসব ভর্তুকি হলো বাজারের ন্যায্য স্তরে উন্নীত করার জন্য সংগ্রাম করে যাওয়া নিউ ইয়র্কবাসীদেরকে নিজেদের বাড়িতে রাখার জন্য প্রয়োজনীয় অতি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ। এটি একটি স্মার্ট নীতিমালা যা একই সময়ে পরিবারগুলোকে বাঁচাবে এবং ট্যাক্স ডলার সাশ্রয় করবে।"

নিউ ডেস্টিনি হাউজিং (New Destiny Housing)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর এবং ফ্যামিলি হোমলেসনেস কোয়ালিশন (Family Homelessness Coalition)-এর কো-লিড নিকোল ব্রাঙ্কা বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে FHEPS ভাড়ার ভর্তুকি পাওয়া আমাদের ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদেরকে এতো অল্প সংখ্যক সাশ্রয়ী আবাসন লভ্য থাকা এই ব্যয়বহুল শহরে একটি অ্যাপার্টমেন্ট পাওয়ার ক্ষেত্রে খুব সামান্যই সাহায্য করেছে। আমাদের DV ভুক্তভোগী ও শিশুদেরকে তাদের জীবন নতুন করে শুরু করার জন্য নিরাপদ নতুন বাড়ির ব্যবস্থা করে দিয়ে তাদের উপর তাৎক্ষণিক ও স্থায়ী প্রভাব ফেলবে এমন আইনে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর হোকলের প্রতি প্রচণ্ডভাবে কৃতজ্ঞ।"

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্স (Enterprise Community Partners)-এর নিউ ইয়র্ক ভাইস প্রেসিডেন্ট ও মার্কেট লিডার বাবা হাম বলেন, "স্টেটের FHEPS-কে বাজারের ন্যায্য ভাড়ার স্তরে উন্নীত করার বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় এবং নিউ ইয়র্কবাসীদের জন্য স্থিতিশীল আবাসনের ব্যবস্থা করার জন্য তার অঙ্গীকারের মর্যাদা রক্ষা করায় আমরা গভর্নর ক্যাথি হোকলকে প্রবল আগ্রহের সাথে সাধুবাদ জানাই। কোভিড-19 মহামারী নিউ ইয়র্ক স্টেট ব্যাপী পরিবারগুলোর জন্য গৃহহীনতার ঝুঁকি বাড়িয়ে দিয়েছে, এবং এই বিল একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সমাধান যা হাজারো পরিবারকে তাদের বাড়িতে থাকার সুযোগ করে দিবে এবং সেইসাথে স্টেটের কয়েক মিলিয়ন ডলারের বাজেট সাশ্রয় করবে। বিশেষ করে এটি ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের অতি প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। আমরা অ্যাসেম্বলি সদস্য লিন্ডা রোজেন্থাল এবং স্টেট সিনেটর ব্রায়ান কাভানাঘকে এই বিল সমর্থন করায় নেতৃত্বদানের জন্য ধন্যবাদ জানাই, এবং এই বিল উত্থাপনের জন্য আমরা যাদের সাথে কাজ করেছি সেসব নিবেদিত সমর্থকদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

গেটওয়ে হাউজিং (Gateway Housing)-এর প্রেসিডেন্ট টেড হোউটন বলেন, "গৃহহীন ও ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীদের নিউ ইয়র্কের অতি উত্তপ্ত আবাসন বাজারে স্থায়ী অ্যাপার্টমেন্ট

সুলভ মূল্যে ভাড়া নিতে সাহায্য করার জন্য এই সাধারণ বিবেচনার পদক্ষেপ বাস্তবায়নের জন্য আপনাদের সকল প্রচেষ্টা ও নেতৃত্বের জন্য গভর্নর হোকল, অ্যাসেম্বলি সদস্য রোজেন্থাল ও সিনেটর কাভানাঘকে ধন্যবাদ। এই বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে সিটি ও ফেডারেল ভাউচারের রেটের সাথে মিলিয়ে স্টেটের ভাড়ার ভাউচারগুলোর পরিশোধ করা অর্থের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। অরক্ষিত নিউ ইয়র্কবাসীদের জন্য আবাসনের ব্যবস্থা করার জন্য আমাদের প্রচেষ্টাগুলোর সঙ্গতি রক্ষায় এটি একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ, এবং সিটি ও স্টেটের মধ্যকার সহযোগিতার নতুন যুগের একটি উৎসাহ জাগানো দৃষ্টান্ত।"

সামারিটান ডেটপ ভিলেজ (Samaritan Daytop Village)-এর প্রেসিডেন্ট ও CEO মিশেল নেটবার্ন বলেন, "পারিবারিক গৃহহীনতা ও বাড়ি থেকে বহিষ্কারের বিরুদ্ধে সুরক্ষার সম্পূরক কর্মসূচির সীমা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করার জন্য এই আইনে স্বাক্ষর করায় আমরা গভর্নর হোকলের প্রশংসা করি। সামারিটান ডেটপ ভিলেজে আমরা মহামারী, বেকারত্ব ও আবাসনের ক্রমবর্ধমান ব্যয় কিভাবে নিউ ইয়র্কবাসীদেরকে প্রভাবিত করে তা সরাসরি দেখেছি। এসব পরিবারের মধ্যে অনেকেরই উচ্চ খরচে ভাড়া নেয়ার সামর্থ্য নেই। ভাড়ার ভর্তুকি বৃদ্ধির মাধ্যমে, হাজার হাজার নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসী অবশেষে অস্থায়ী আবাসন থেকে স্থায়ী আবাসনে স্থানান্তর হওয়ার আর্থিক সংস্থানগুলো লাভ করবে।"

আরবান রিসোর্স ইনস্টিটিউট (Urban Resource Institute)-এর CEO নাথানিয়েল এম. ফিল্ডস বলেন, "কোভিড-19 মহামারীর পর থেকে গৃহহীনতা এমন এক পর্যায়ে পৌঁছে গেছে যা বৃহৎ মন্দার পরে আর দেখা যায়নি এবং এদের মধ্যে অধিকাংশই হলো এমন পরিবার যেখানে শিশু রয়েছে, যাদের অনেকেই ঘরোয়া সহিংসতা থেকে পালিয়ে এসেছেন। নিরাপত্তা ও সুরক্ষা খুঁজে বেড়াচ্ছেন এমন ব্যক্তিদেরকে টেকসই স্থায়ী আবাসনে ফিরে যাওয়ার পথ খুঁজে পেতে সাহায্য করার কর্মসূচিগুলোর সঙ্গে সম্মিলিতভাবে নিপীড়ন থেকে পালিয়ে আসা পরিবারগুলোকে সাহায্য করা এবং বাড়ি থেকে বহিষ্কার হওয়া ও গৃহহীনতা এড়ানোর জন্য সহায়তা প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন